

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৮৫.১৩১.১৭২.০০৮.০১.০০.২০১২-২০৮

তারিখ: ২৭.০৪.২০১৪ খ্রি:

প্রেরক: সালমা সিদ্দিকা মাহতাব
সিনিয়র সহকারী সচিব

প্রাপক : প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সচিবালয় ভবন, তৃতীয় ফেজ, সেগুন বাগিচা, ঢাকা

বিষয়: স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচি (HPNSDP)-এর আওতাধীন এইচআইএস এন্ড ই-হেলথ (কোড নং-৫-২৭১১-৫১৮০) কর্মসূচির অনুকূলে স্থানীয় প্রশিক্ষণ ও ওয়ার্কসপ বাস্তবায়নের জন্য ১২৩.৩১ লক্ষ (এক কোটি তেইশ লক্ষ একত্রিশ হাজার) টাকা অগ্রিম উত্তোলন সংক্রান্ত।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় এইচআইএস এন্ড ই-হেলথ (কোড নং-৫-২৭১১-৫১৮০) শীর্ষক কর্মসূচির অনুকূলে চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরে এডিপিসি'র বরাদ্দ অনুযায়ী আরপিএ (জিওবি) বাবদ ৩য় কিসিতে ছাড়কৃত ২১০০.৩১ লক্ষ টাকা হতে স্থানীয় প্রশিক্ষণ ও ওয়ার্কসপ বাস্তবায়নের জন্য ৪৮৪০ কোটি ১২৩.৩১ লক্ষ (এক কোটি তেইশ লক্ষ একত্রিশ হাজার) টাকা নিয়ন্ত্রিত শর্তে অগ্রিম উত্তোলনে আদিষ্ট হয়ে সরকারী মঙ্গুরী জ্ঞাপন করছি।

তবে শর্ত থাকে যে,

- (ক) অগ্রিম উত্তোলিত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act-2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- (খ) পরবর্তী অগ্রিম উত্তোলনের পূর্বেই যথাসময়ে যথাযথ ভাউচারের মাধ্যমে অগ্রিম উত্তোলিত অর্থ সমন্বয় করতে হবে।
- (গ) অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সরকারী কোষাগারে সমর্পন করতে হবে;
- (ঘ) আরপিএ (জিওবি) বাবদ ১ম-৩য় কিসিতে ছাড়কৃত অর্থের পুনর্ভরণ দাবী অবিলম্বে পেশসহ পুনর্ভরণ নিশ্চিত করতে হবে;
- (ঙ) অগ্রিম হিসেবে উত্তোলিত অর্থ ব্যয়ের বিষয়ে ভবিষ্যতে কোন অনিয়ম হলে তার জন্য সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
- (চ) পরিপত্র নং স্বাপকম/সিসপ্র (স্বাস্থ্য-৪)/(IST)/HNPSP/২০০৭/২০৭ তারিখ : ২৮.১০.২০০৭ অনুযায়ী HNPSP'র আওতায় প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে প্রদত্ত নির্ধারিত হার অনুযায়ী প্রশিক্ষক, রিসোর্স পার্সন ও প্রশিক্ষণার্থীদের সম্মানী ভাতা প্রদান করতে হবে; এবং
- (ছ) এ মন্ত্রণালয়ের ১৮.০৩.২০১৩ তারিখের স্বাপকম/প্রবা-১/বিবিধ-০৩/২০১২-১৫৮ সংখ্যক পরিপত্রের নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

০২। এই ব্যয় চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরে ২৭- স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটের স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির অন্তর্ভুক্ত এইচআইএস এন্ড ই-হেলথ (কোড নং-৫-২৭১১-৫১৮০) শীর্ষক অপারেশনাল প্লানের অনুকূলে বরাদ্দকৃত আরপিএ (জিওবি) খাতের অর্থ হতে কোড নং-৫-২৭১১-৫১৮০-৪৮৪০ হতে বহন করা হবে।

০৩। অর্থ বিভাগের সম্মতিক্রমে এ আদেশ জারী করা হলো।

১৪৪।-

(সালমা সিদ্দিকা মাহতাব)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৮৫৯৫৫৩
sasipil@mohfw.gov.bd